# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

অর্থ বিভাগ কর্তৃক ফরেন (ওয়েজ আর্নার্স) রেমিট্যান্স এর বিপরীতে
বিতরণকৃত প্রণোদনা/নগদ সহায়তা কার্যক্রম এর উপর
কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ১৪/২০২৩

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

অর্থ বিভাগ কর্তৃক ফরেন (ওয়েজ আর্নার্স) রেমিট্যান্স এর বিপরীতে
বিতরণকৃত প্রণোদনা/নগদ সহায়তা কার্যক্রম এর উপর
কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

রিপোর্ট নম্বর: ১৪/২০২৩

# সূচিপত্র


| ক্রমিক নম্বর | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ০১ | মুখবন্ধ | vii |
| | **অধ্যায়-১** | |
| ০২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ০৩ |
| ০৩ | নির্বাহী সারসংক্ষেপ | ০৭ |
| ০৪ | শব্দ সংক্ষেপ | ০৯ |
| | **অধ্যায়-২** | |
| ০৫ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ১৩ |
| ০৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৭ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ০৭ | পরিশিষ্টসমূহ | ৩৫-৪৪ |

# প্রথম অংশ

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাবসমূহ এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর হিসাব নিরীক্ষা করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন, অর্থবিভাগ এর ২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে ফরেন রেমিট্যান্স (ওয়েজ আর্নার্স) এর বেনিফিসিয়ারিকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান কার্যক্রমের উপর সিভিল অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই অডিট রিপোর্টে অন্তর্ভুক্ত ০৭টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত অফিস প্রধানসহ বাংলাদেশ ব্যাংক বরাবর ইস্যু করা হয়েছে এবং তাঁদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও এই রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই অডিট রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: ০১।০৮।১৪৩০ বঙ্গাব্দ
২৫।১১।২০২৩ খ্রিষ্টাব্দ

(মোঃ নূরুল ইসলাম)
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-০১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

## রিপোর্ট সম্পর্কিত তথ্য:

এই রিপোর্ট অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন অর্থ বিভাগ হতে বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে বৈধ উপায়ে প্রেরিত ফরেন রেমিট্যান্স (ওয়েজ আর্নার্স) এর বেনিফিসিয়ারিকে পরিশোধকৃত প্রণোদনা/নগদ সহায়তা কার্যক্রমের উপর ২০১৯-২০ অর্থবছর হতে ২০২০-২১ অর্থবছর পর্যন্ত কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত কার্যক্রমের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ইত্যাদি অডিট Criteria হিসেবে বিবেচনা করে উচ্চ ঝুঁকিক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

## অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য:

**প্রতিষ্ঠান পরিচিতি:** অর্থ মন্ত্রণালয়ের অধীন অর্থ বিভাগের বাজেট হতে প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্স এর উপর প্রণোদনা/নগদ সহায়তা (Cash Incentive) প্রদানের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের অনুকূলে অর্থ ছাড় করা হয়। পরবর্তীতে উক্ত ছাড়কৃত অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের মাধ্যমে ফরেন (ওয়েজ আর্নার্স) রেমিট্যান্স এর বেনিফিসিয়ারিকে প্রণোদনা/নগদ সহায়তা হিসেবে প্রদান করা হয়ে থাকে। উক্ত প্রণোদনা/নগদ সহায়তা যথাযথভাবে পরিশোধের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিভিন্ন সময়ে এফ.ই সার্কুলার (Foreign Exchange Circular) জারি করা হয়। এ সকল সার্কুলারের মাধ্যমে ফরেন রেমিট্যান্স এর উপর (ওয়েজ আর্নার্স) নগদ সহায়তার হার সুনির্দিষ্ট করা হয়ে থাকে।

মূলত এফ.ই সার্কুলার-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর মাধ্যমে বাংলাদেশ ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের উপর বাণিজ্যিক ব্যাংকের হেড অফিস ও বিভিন্ন শাখার মাধ্যমে নগদ সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হয়ে থাকে। ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে নগদ সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়নে নিরীক্ষাকালে ঝুঁকি ও ম্যাটেরিয়ালিটির ভিত্তিতে নিম্নোক্ত ১২টি ব্যাংকের হেড অফিসসহ মোট ৩৬টি শাখার কার্যক্রম নিরীক্ষা করা হয়েছে।

**নিরীক্ষিত ১২টি বাণিজ্যিক ব্যাংকের ৩৬টি শাখাগুলো নিম্নরূপ:**

| ক্রমিক নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|
| ০১ | সোনালী ব্যাংক লি. | সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স কর্পোরেট ব্রাঞ্চ (হেড অফিস), ঢাকা<br>সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা, কুমিল্লা<br>সোনালী ব্যাংক লি., কংশনগর শাখা, কুমিল্লা<br>সোনালী ব্যাংক লি., কলাতিয়া শাখা, কেরানিগঞ্জ, ঢাকা |
| ০২ | সাউথইস্ট ব্যাংক লি. | সাউথইস্ট ব্যাংক লি., হেড অফিস, ঢাকা<br>সাউথইস্ট ব্যাংক লি., বিশ্বনাথ শাখা, সিলেট<br>সাউথইস্ট ব্যাংক লি., মৌলভীবাজার শাখা, সিলেট |
| ০৩ | এনসিসি ব্যাংক লি. | এনসিসি ব্যাংক লি., হেড অফিস, ঢাকা<br>এনসিসি ব্যাংক লি., চৌহাট্টা শাখা, সিলেট<br>এনসিসি ব্যাংক লি., মাদারীপুর শাখা, মাদারীপুর<br>এনসিসি ব্যাংক লি., মৌলভীবাজার শাখা, সিলেট |
| ০৪ | অগ্রণী ব্যাংক লি. | অগ্রণী ব্যাংক লি., প্রিন্সিপাল শাখা, ঢাকা<br>অগ্রণী ব্যাংক লি., গফরগাঁও শাখা, ময়মনসিংহ<br>অগ্রণী ব্যাংক লি., কসবা শাখা, ব্রাহ্মণবাড়িয়া<br>অগ্রণী ব্যাংক লি., জগতপুর শাখা (বাতাকান্দি), কুমিল্লা |

| ক্রমিক নং | ব্যাংকের নাম | শাখা |
|---|---|---|
| ০৫ | পূবালী ব্যাংক লি. | পূবালী ব্যাংক লি., হেড অফিস, ঢাকা<br>পূবালী ব্যাংক লি., মহিলা কলেজ শাখা, সিলেট<br>পূবালী ব্যাংক লি., শিবেরহাট শাখা, চট্টগ্রাম |
| ০৬ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি. | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লি., হেড অফিস, ঢাকা |
| ০৭ | ডাচ্-বাংলা ব্যাংক লি. | ডাচ্-বাংলা ব্যাংক লি., হেড অফিস, ঢাকা<br>ডাচ্-বাংলা ব্যাংক লি., আম্বরখানা শাখা, সিলেট |
| ০৮ | জনতা ব্যাংক লি. | জনতা ব্যাংক লি., লোকাল অফিস, ঢাকা<br>জনতা ব্যাংক লি., ধলা শাখা, ময়মনসিংহ |
| ০৯ | ব্যাংক এশিয়া লি. | ব্যাংক এশিয়া লি., হেড অফিস, ঢাকা |
| ১০ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হেড অফিস, ঢাকা<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লক্ষ্মীপুর শাখা, লক্ষ্মীপুর<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লাকসাম শাখা, কুমিল্লা<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ফেনী শাখা, ফেনী<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হাজীগঞ্জ শাখা, চাঁদপুর<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., নবীনগর শাখা, ব্রাহ্মণবাড়িয়া<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., কাঁচপুর শাখা, নারায়ণগঞ্জ<br>ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ |
| ১১ | রূপালী ব্যাংক লি. | রূপালী ব্যাংক লি., হেড অফিস, ঢাকা<br>রূপালী ব্যাংক লি., লালদিঘীরপাড় শাখা, সিলেট<br>রূপালী ব্যাংক লি., নাজিরহাট শাখা, চট্টগ্রাম |
| ১২ | ব্র্যাক ব্যাংক লি. | ব্র্যাক ব্যাংক লি., হেড অফিস, ঢাকা |

## প্রতিষ্ঠানের কার্যাবলী:

প্রণোদনা/নগদ সহায়তা প্রদানকারী ব্যাংক তার পূর্ববর্তী এক বছরের প্রবাসী আয় আহরণের গড় মাসিক অংকের ভিত্তিতে তিন মাসের জন্য প্রয়োজনীয় নগদ সহায়তার অনুমিত পরিমাণ তহবিল সরকারি বরাদ্দ হতে বাংলাদেশ ব্যাংক এর মাধ্যমে ইমপ্রেস্ট আকারে আগাম গ্রহণ করে। বাংলাদেশ ব্যাংক হতে ব্যাংক ভিত্তিক প্রাপ্ত তথ্য অনুযায়ী ব্যাংকসমূহের প্রণোদনার অর্থ ইমপ্রেস্ট হিসেবে দেয়ার বিষয়টি জানা যায়। রেমিট্যান্স আহরণকারী ব্যাংক ক্যাশ পিকআপ, একাউন্ট ক্রেডিট ও বিইএফটিএন, আরটিজিএস, এনপিএসবি বা এমএফএস এর মাধ্যমে উপকারভোগীকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করে থাকে। ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার অধিক প্রেরিত রেমিট্যান্স এর ক্ষেত্রে উপকারভোগী কর্তৃক ২ (দুই) মাসের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র (যেমন: পাসপোর্ট এর কপি, বিদেশি নিয়োগদাতা কর্তৃক প্রদত্ত নিয়োগপত্রের কপি/বিএমইটি প্রদত্ত সনদপত্রের কপি, ব্যবসায় নিয়োজিত ব্যক্তির ক্ষেত্রে ব্যবসার লাইসেন্সের কপি ইত্যাদি) দাখিল সাপেক্ষে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করা হয়ে থাকে।

## প্রতিষ্ঠানের বাজেট ও ব্যয় বিশ্লেষণ:

নিম্নের ছকে বছর ভিত্তিক নগদ সহায়তার বাজেট এবং পরিশোধের তথ্য উপস্থাপন করা হলো:

(কোটি টাকায়)

| ক্রমিক নং | অর্থবছর | বাজেট/বরাদ্দ | নগদ সহায়তা পরিশোধের পরিমাণ | উদ্বৃত্ত | পরিশোধের শতকরা হার |
|---|---|---|---|---|---|
| ০১ | ২০২০-২০২১ | ৩৯৭৮.৪০ | ৩৯৪৭.৪৩ | ৩০.৯৭ | ৯৯.২২% |
| ০২ | ২০১৯-২০২০ | ৩০৬০.০০ | ২৬৪৮.৩১ | ৪১১.৬৯ | ৮৬.৫৫% |

## অডিটের আইনগত ভিত্তি:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮(১) অনুযায়ী এই অডিট পরিচালনা করা হয়েছে।

## অডিটের পরিধি:

২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২০-২১ অর্থবছর পর্যন্ত প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধকারী মোট ৫৮টি ব্যাংকের ৯৬৯১টি শাখার মধ্যে ১২টি ব্যাংকের প্রধান কার্যালয় ও ২৪টি শাখার প্রণোদনা/নগদ সহায়তা সংক্রান্ত বিষয়াদি অডিটের আওতায় আনা হয়েছে।

## অডিট প্লানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:

## অডিটের বিষয়বস্তু:

বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার, গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রাঞ্জেকশন ২০১৮ অনুসারে প্রকৃত বেনিফিসিয়ারি প্রণোদনা/নগদ সহায়তা পেয়েছে মর্মে নিশ্চিত হওয়া;

যে সকল বেনিফিসিয়ারিকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করা হয়েছে প্রকৃতপক্ষে সে সকল বেনিফিসিয়ারিই প্রণোদনা/নগদ সহায়তা পেয়েছে মর্মে নিশ্চিত হওয়া;

প্রণোদনা প্রদানের ক্ষেত্রে, ইমপ্রেস্ট হিসাব ও প্রয়োজনীয় কাগজপত্র যাচাই-বাছাই করা;

শুধুমাত্র বৈধ উপায়ে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধ করা হয়েছে তা নিশ্চিত হওয়া;

প্রণোদনা/নগদ সহায়তা বিতরণকারী ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত রিপোর্ট (ফরম-ক, ফরম-খ, RITs) ও অন্যান্য সংশ্লিষ্ট দলিলাদির সঠিকতা ও যথার্থতা যাচাই করা।

**অডিট কৌশল:**

দেশীয় বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে যে সকল ব্যাংক কর্তৃক অধিক হারে প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধ করা হয়েছে সেরূপ ১২টি ব্যাংকের প্রধান কার্যালয় ও ২৪টি শাখাকে নির্বাচন করা হয়েছে;

সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নথিপত্র পর্যালোচনা করা হয় এবং প্রয়োজনীয় ক্ষেত্রে আলোচনা করা হয়েছে।

**অডিট সময়কাল:**

০৬/০২/২০২২ খ্রি. হতে ৩০/০৪/২০২২ খ্রি. পর্যন্ত।

# নির্বাহী সারসংক্ষেপ

সিভিল অডিট অধিদপ্তরের নিরীক্ষার আওতাধীন অর্থ মন্ত্রণালয়ের, অর্থ বিভাগের ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরের ওয়েজ আর্নার্স ফরেন রেমিট্যান্স প্রেরণ এর বিপরীতে প্রদানকৃত নগদ সহায়তার ক্ষেত্রে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

নিরীক্ষাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধিবিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার যথাযথভাবে পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উপস্থাপিত হয়েছে। নিরীক্ষাকালে **১১৬**টি অডিট অনুচ্ছেদ নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবের প্রেক্ষিতে নিষ্পন্ন করা হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম (SFI) সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

নিরীক্ষায় উপস্থাপিত অডিট অনুচ্ছেদসমূহের মধ্যে ২৩টি অনুচ্ছেদ এর প্রেক্ষিতে ৬১,৬০,৫৯৬ টাকা আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে এবং নিরীক্ষিত প্রতিষ্ঠান কর্তৃক সঠিকভাবে তথ্য সংরক্ষণসহ নানাবিধ সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এই রিপোর্টে ০৭টি অডিট অনুচ্ছেদ উপস্থাপন করা হয়েছে এবং এতে জড়িত টাকার পরিমাণ **৬৪,৪৩,২১,৮৫৮ (চৌষট্টি কোটি তেতাল্লিশ লক্ষ একুশ হাজার আটশত আটান্ন)** টাকা যা মোট বরাদ্দের ০.৯১%। এই রিপোর্টের অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপ:

- বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার টাকা বিতরণ/প্রদান না করেও পরিশোধ দেখিয়ে ইমপ্রেস্ট তহবিল হতে টাকা উত্তোলন;
- ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারি ব্যক্তি না হয়ে প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান;
- ট্রেড এবং ফ্রিল্যান্সিং, আইটি এক্সপোর্ট ইত্যাদির মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান।

নিরীক্ষিত প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ; সরকারি অর্থ আদায় ও পরিশোধে প্রচলিত বিধিবিধান পরিপালন, একই ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# শব্দ সংক্ষেপ

| | |
|---|---|
| BRPD | Banking Regulation and Policy Department |
| CI | Cash Incentive |
| FE | Foreign Exchange |
| FEPD | Foreign Exchange Policy Department |
| SFI | Serious Financial Irregularities |
| SWIFT | Society for Worldwide Interbank Financial Telecommunication |
| EIBS | Electronic Integrated Banking System |
| RPS | Redundant Power System |
| RMS | Root Mean Square |
| BEFTN | Bangladesh Electronic Funds Transfer Network |
| RTGS | Real Time Gross Settlement |
| NPSB | National Payment Switch Bangladesh |
| MFS | Mobile Financial Service |
| RIT | Rochester Institute of Technology |
| DBBL | Dutch-Bangla Bank Limited |
| JBL | Janata Bank Limited |
| NCCBL | National Credit & Commerce Bank Limited |
| MTBL | Mutual Trust Bank Limited |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত (টাকা) |
|---|---|---|
| ০১ | বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার অর্থ পরিশোধ না করা সত্ত্বেও পরিশোধ দেখিয়ে ইমপ্রেস্ট তহবিল হতে টাকা উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১০,৯৪,৮৫,৪৬৯ |
| ০২ | বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের সার্কুলারে ক্রমিক ৮ এর নির্দেশনা লঙ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারি ব্যক্তি না হয়ে প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩,৩২,৩০,৭৬০ |
| ০৩ | ওয়েজ আর্নার্স বন্ডে বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-৩৬, তারিখ: ৩০/০৯/২০২০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারি হিসাবে প্রণোদনা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৬,৬৬,৯০৬ |
| ০৪ | বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এর এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি (এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ট্রেড এবং ফ্রিল্যান্সিং, আইটি এক্সপোর্ট এর মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২৫,২৬,২৩৯ |
| ০৫ | বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৯ এর নির্দেশনা লঙ্ঘন করে বিধিবহির্ভূতভাবে বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৮,২৬,৩২৫ |
| ০৬ | বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগের সার্কুলার নং-এফ.ইপিডি (এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ডোনেশন হিসেবে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৫৮,২০,১৩৭ |
| ০৭ | বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে ব্যাংক কর্তৃক নগদ সহায়তার অর্থ পরিশোধ না করেই পরিশোধের হিসাব দেখানোর ফলে সরকারের আর্থিক ক্ষতি। | ৪৯,০৭,৬৬,০২২ |
| | **সর্বমোট=** | **৬৪,৪৩,২১,৮৫৮** |
| | **কথায়: চৌষট্টি কোটি তেতাল্লিশ লক্ষ একুশ হাজার আটশত আটান্ন টাকা** | |

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

## অনুচ্ছেদ নম্বর ০১

**শিরোনাম: বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার অর্থ পরিশোধ না করা সত্ত্বেও পরিশোধ দেখিয়ে ইমপ্রেস্ট তহবিল হতে টাকা উত্তোলন করায় সরকারের ১০,৯৪,৮৫,৪৬৯ (দশ কোটি চুরানব্বই লক্ষ পঁচাশি হাজার চারশত উনসত্তর) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

জনতা ব্যাংক লি., লোকাল অফিস, ফরেন রেমিট্যান্স (ওয়েজ আর্নার্স) শাখা, ঢাকা কর্তৃক ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার অর্থ পরিশোধ না করা সত্ত্বেও পরিশোধ দেখিয়ে ইমপ্রেস্ট তহবিল হতে টাকা উত্তোলন করায় সরকারের ১০,৯৪,৮৫,৪৬৯ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় জনতা ব্যাংক লি., লোকাল অফিস, ফরেন রেমিট্যান্স (ওয়েজ আর্নার্স) শাখা, ঢাকা এর নগদ সহায়তা প্রদান সংক্রান্ত ইমপ্রেস্ট হিসাব, জিএল হিসাব, ব্যাংক বিবরণী ও অন্যান্য রেকর্ডপত্র যাচাই করে দেখা যায়, নগদ সহায়তা বাবদ ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে বাংলাদেশ ব্যাংক হতে ইমপ্রেস্ট ফান্ড গ্রহণ করা হয়েছে ২৭৯,৭৮,৪৯,০২১ টাকা এবং ব্যাংক হিসাব বিবরণী অনুসারে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করা হয়েছে ২৬৬,৭৯,৬৬,৩৫৪.২৫ টাকা। এক্ষেত্রে ব্যাংকের ইমপ্রেস্ট একাউন্টসে ৩০ জুন, ২০২১ এ অব্যয়িত টাকার পরিমাণ থাকবে (২৭৯,৭৮,৪৯,০২১ - ২৬৬,৭৯,৬৬,৩৫৪.২৫) = ১২,৯৮,৮২,৬৬৭ টাকা। কিন্তু ৩০ জুন, ২০২১ তারিখে ব্যাংক বিবরণীতে প্রকৃত স্থিতি পাওয়া গেছে ২,০৩,৯৭,১৯৭.৮৭ টাকা। ফলে ব্যাংক বিবরণীতে স্থিতি কম পাওয়া গিয়েছে (১২,৯৮,৮২,৬৬৭-২,০৩,৯৭,১৯৮) = ১০,৯৪,৮৫,৪৬৯ টাকা।

বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংক হতে নগদ সহায়তা বাবদ প্রাপ্ত সমুদয় প্রণোদনার অর্থ পরিশোধের সঠিক হিসাব ফরম-ক ও ফরম-খ মোতাবেক সংরক্ষণ করতে হবে। তাছাড়া উক্ত সার্কুলার এর প্যারা ০৩ অনুযায়ী সংশ্লিষ্ট ব্যাংক প্রণোদনা/নগদ সহায়তা বাবদ পরিশোধিত অর্থের বিবরণী মাসিক ভিত্তিতে ফরম-খ অনুযায়ী বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের বৈদেশিক মুদ্রা পরিদর্শন বিভাগে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে দাখিল করবে। সুতরাং এ থেকে প্রতীয়মান হয় উক্ত অনিয়মের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের মনিটরিং ব্যবস্থার দুর্বলতা রয়েছে।

এক্ষেত্রে ইমপ্রেস্ট ফান্ডে উল্লিখিত স্থিতির চেয়ে ব্যাংক বিবরণীতে স্থিতির পরিমাণ কম প্রদর্শন করে বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার অর্থ প্রদান না করে পরিশোধ দেখিয়ে ইমপ্রেস্ট তহবিল হতে টাকা উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ১০,৯৪,৮৫,৪৬৯ টাকা।

**অনিয়মের কারণ:**

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. মোতাবেক ফরম-ক ও ফরম-খ এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার টাকা পরিশোধ না করা সত্ত্বেও পরিশোধ দেখিয়ে ইমপ্রেস্ট তহবিল হতে টাকা উত্তোলন করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

অত্র ব্যাংক কর্তৃক ০৩/১০/২০২১ খ্রি. তারিখে অপরিশোধিত সকল প্রণোদনার অর্থ ইমপ্রেস্ট হিসাবে ফেরত প্রদানের জন্য শাখাসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা মোতাবেক শাখাসমূহ অপরিশোধিত সকল প্রণোদনা অত্র ব্যাংকের লোকাল অফিসে পরিচালিত Imprest Acc/2 Per Cash Incen. For Re AC no-0100193309369–এ ফেরত প্রদান করে। পর্যালোচনা করে দেখা যায় যে, ০১ জুলাই, ২০১৯ হতে ৩০ জুন, ২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সকল অপরিশোধিত প্রণোদনার অর্থ ইমপ্রেস্ট হিসাবে ১৭,২১,৭৭,৫১৯.৪৭ টাকা

ফেরত প্রদান করা হয়েছে এবং উক্ত সময়ে বাতিলকৃত রেমিট্যান্সের বিপরীতে প্রণোদনার অর্থ ইমপ্রেস্ট হিসাবে ২৫,২৯,২১৪.৫৯ টাকা ফেরত প্রদান করা হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, ৩০ জুন, ২০২১ খ্রি. তারিখে ব্যাংক বিবরণীতে কম স্থিতি থাকা ১০,৯৪,৮৫,৪৬৯ টাকা শাখাসমূহে অবিতরণকৃত প্রণোদনা হিসাবে জমা ছিল এবং শাখাসমূহ পরবর্তীতে (০৪/১০/২০২১ থেকে ৩০/০৪/২০২২) ইমপ্রেস্ট হিসাবে ফেরত প্রদান করে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ জবাবের স্বপক্ষে কোনো প্রমাণক সরবরাহ করা হয়নি। ইমপ্রেস্ট ফান্ডের চেয়ে ব্যাংক বিবরণীতে স্থিতির পরিমাণ কম প্রদর্শন করে বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার টাকা প্রদান না করে পরিশোধ দেখানো হয়েছে।

উল্লিখিত গুরুত্বপূর্ণ অনিয়মের বিষয়ে ০৮/০৬/২০২২ খ্রি. তারিখে তিন সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য এআইআর, ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে প্রধান নির্বাহী বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বর ০২**

**শিরোনামঃ বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখঃ ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের সার্কুলারে ক্রমিক ৮ এর নির্দেশনা লজ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারি ব্যক্তি না হয়ে প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৩,৩২,৩০,৭৬০ (তিন কোটি বত্রিশ লক্ষ ত্রিশ হাজার সাতশত ষাট) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণঃ**

ব্যাংক এশিয়া লি., হেড অফিস, কাওরান বাজার, ঢাকা; ডাচ্-বাংলা ব্যাংক লি., হেড অফিস, মতিঝিল, ঢাকা; ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হেড অফিস, দিলকুশা, ঢাকাসহ ০৬টি শাখা; অগ্রণী ব্যাংক লি., হেড অফিস, দিলকুশা, ঢাকা; জনতা ব্যাংক লি., লোকাল অফিস শাখা, দিলকুশা, ঢাকা; সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা, দিলকুশা, ঢাকাসহ ০২টি শাখা; সাউথইস্ট ব্যাংক লি., হেড অফিস, দিলকুশা, ঢাকা; এনসিসি ব্যাংক লি., হেড অফিস, মতিঝিল, ঢাকা; রূপালী ব্যাংক লি., হেড অফিস, মতিঝিল, ঢাকা; ব্র্যাক ব্যাংক লি., হেড অফিস, গুলশান, ঢাকা কর্তৃক ২০১৯-২০ হতে ২০২০-২১ অর্থবছরের ওয়েজ আর্নার্স রেমিট্যান্স এর বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধকালে বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং এফ.ইপিডি (এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখঃ ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের সার্কুলারে ক্রমিক ৮ এর নির্দেশনা লজ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্স এর বেনিফিসিয়ারি ব্যক্তি না হয়ে প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৩,৩২,৩০,৭৬০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় ২০১৯-২০ হতে ২০২০-২১ অর্থবছরের ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের উপর নগদ সহায়তা পরিশোধ সংক্রান্ত রেমিট্যান্স পেমেন্ট সিস্টেম (e-Remit, DBBL Remittance System, EIBS, Infinity, JB Remittance Payment System, RPS, Remit Book, RMS, m-Remit) হতে প্রাপ্ত তথ্যাদি, ব্যাংক স্টেটমেন্ট, ভাউচার এবং অন্যান্য রেকর্ডপত্র যাচাই করে দেখা যায় যে, কল্পলোক লিমিটেড, মনোয়ার এভিয়েশন, অনিক ইন্ডাস্ট্রিয়াল এন্টারপ্রাইজ লিমিটেড, মেগা বিল্ডার্স লিমিটেড, তীর্যক প্রাইভেট লিমিটেড, এপিএন মার্কেটিং কর্পোরেশন, শাহাদাৎ কুলিং কর্নার ইত্যাদি প্রতিষ্ঠানকে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বিপরীতে ২% হারে প্রণোদনা বাবদ ৩,৩২,৩০,৭৬০ টাকা পরিশোধ করা হয়েছে [বিস্তারিত বিবরণ পরিশিষ্টঃ ০১ (ক)]।

বৈধ উপায়ে ওয়েজ আর্নার্স রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখঃ ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের সার্কুলারে ক্রমিক ৮ এর নির্দেশনা মোতাবেক ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারি কোনো প্রতিষ্ঠান হলে তা প্রণোদনার জন্য বিবেচিত হবে না।

কিন্তু উল্লিখিত ব্যাংকসমূহ কর্তৃক প্রণোদনা পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলারের নির্দেশনা পরিপালন না করে বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় ৩,৩২,৩০,৭৬০ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণঃ**

বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখঃ ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের সার্কুলারে ক্রমিক ৮ এর নির্দেশনা লজ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্স এর বেনিফিসিয়ারি ব্যক্তি না হয়ে প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

ব্যাংক এশিয়া লি., হেড অফিস, ডাচ্-বাংলা ব্যাংক লি., হেড অফিস, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হেড অফিস, নারায়ণগঞ্জ শাখা; সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা এবং এনসিসি ব্যাংক লি., হেড অফিস, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., কাঁচপুর শাখা, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লাকসাম শাখা, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ফেনী শাখা, হাজীগঞ্জ শাখা; অগ্রণী ব্যাংক লি., হেড অফিস, সাউথইস্ট ব্যাংক লি., হেড অফিস এবং রূপালী ব্যাংক লি., হেড অফিস, সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা, ব্র্যাক ব্যাংক লি., হেড অফিস, জনতা ব্যাংক লি., লোকাল অফিস শাখা থেকে জবাব পাওয়া গিয়েছে। উক্ত ব্যাংকসমূহের জবাব পরিশিষ্টে সংযুক্ত করা হলো [বিস্তারিত বিবরণ পরিশিষ্টঃ ০১ (খ)]।

**নিরীক্ষা মন্তব্যঃ**

ব্যাংক এশিয়া লি., হেড অফিস; ডাচ্-বাংলা ব্যাংক লি., হেড অফিস; ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ফেনী শাখা, হাজীগঞ্জ শাখা; অগ্রণী ব্যাংক লি., হেড অফিস; সাউথইস্ট ব্যাংক লি., হেড অফিস; রূপালী ব্যাংক লি., হেড অফিস এর জবাব স্বীকৃতিমূলক। কারণ জবাবে জানায় ভুলবশত বা অটোমেটেড প্রসেসের কারণে কিছু প্রতিষ্ঠানকে অনাকাঙ্ক্ষিতভাবে প্রণোদনা প্রদান করা হয়েছে যা আদায়ের জন্য প্রক্রিয়াধীন।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লাকসাম শাখা এর জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। জবাবের স্বপক্ষে কোনো প্রমাণক পাওয়া যায়নি।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হেড অফিস, নারায়ণগঞ্জ শাখা; সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা ও এনসিসি ব্যাংক লি., হেড অফিস রেকর্ডপত্র যাচাইপূর্বক পরবর্তীতে জবাব প্রদান করার কথা জানায় যা অদ্যাবধি পাওয়া যায়নি।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., কাঁচপুর শাখা; সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা; ব্র্যাক ব্যাংক লি., হেড অফিস এর জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., কাঁচপুর শাখার জবাবে জানায়, নগদ ক্যাশ ব্যবস্থাপনায় ঝুঁকি এড়ানোর জন্য ক্যাশ হিসেবে প্রদান না করে তার একাউন্টে প্রদান করা হয়েছে। মূলত এগুলো কোনো প্রতিষ্ঠান নয়, যা যুক্তিসঙ্গত নয়। কারণ অটোমেশন সিস্টেমে বেনিফিসিয়ারির নামের জায়গায় প্রতিষ্ঠানের নাম রয়েছে যা প্রাপ্য নয়। সোনালী ব্যাংক লি., মেঘনা শাখার জবাবে জানায়, বাংলাদেশ ব্যাংক ও সোনালী ব্যাংকের নিজস্ব সার্কুলার অনুযায়ী প্রণোদনা প্রদান করার বিষয়টি সঠিক নয়। ব্র্যাক ব্যাংক লি., হেড অফিস এর জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ সিস্টেম ডাটাতে প্রতিষ্ঠানের নাম সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে।

জনতা ব্যাংক লি., লোকাল অফিস এর জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। জবাবের স্বপক্ষে প্রমাণক যথেষ্ট নয়।

উল্লিখিত গুরুত্বপূর্ণ অনিয়মের বিষয়ে ০৮/০৬/২০২২ খ্রি. তারিখে তিন সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য এআইআর, ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে প্রধান নির্বাহী বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

### অনুচ্ছেদ নম্বর ০৩

**শিরোনাম: ওয়েজ আর্নার্স বন্ডে বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-৩৬, তারিখ: ৩০/০৯/২০২০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারি হিসাবে প্রণোদনা পরিশোধ করায় সরকারের ১৬,৬৬,৯০৬ (ষোলো লক্ষ ছেষট্টি হাজার নয়শত ছয়) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা, দিলকুশা, ঢাকা কর্তৃক ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে বৈধ উপায়ে প্রেরিত ওয়েজ আর্নার্স বন্ডে বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-৩৬, তারিখ: ৩০/০৯/২০২০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারি হিসাবে প্রণোদনা পরিশোধ করায় সরকারের ১৬,৬৬,৯০৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় ২০১৯-২০ হতে ২০২০-২১ অর্থবছরের ফরেন রেমিট্যান্সের (ওয়েজ আর্নার্স) উপর প্রণোদনা পরিশোধ সংক্রান্ত e-Remit Software, RPS হতে প্রাপ্ত তথ্যাদি, চাহিত কাগজপত্রাদি এবং জিএল একাউন্টসসহ অন্যান্য রেকর্ডপত্র যাচাইয়ান্তে দেখা যায় যে, সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা, ঢাকা ওয়েজ আর্নার্স বন্ড হিসাবে (হিসাব নম্বর-০০০৩৪৩৩০৩২৭৭৬) ৮০৭টি লেনদেনের বিপরীতে ২% নগদ সহায়তা বাবদ ১৬,৬৬,৯০৬ টাকাসহ সোনালী ব্যাংক লি. এর ব্যাংকে মোট ১৬,৬৬,৯০৬ টাকা পরিশোধ করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংক এর বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এফ.ই সার্কুলার নং-৩৬, তারিখ: ৩০/০৯/২০২০ খ্রি. মোতাবেক অন্য কোনো ব্যক্তির নামে ক্রয়কৃত ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ডের পাশাপাশি নিজ নামে ক্রয়কৃত ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগের বিপরীতে নগদ প্রণোদনা/সহায়তা প্রযোজ্য নয়। কিন্তু আলোচ্যক্ষেত্রে উক্ত নিয়ম প্রতিপালন করা হয়নি।

সোনালী ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের সার্কুলার লঙ্ঘন করে ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ডে বিনিয়োগ করা সত্ত্বেও বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনা প্রদান করায় সরকারের ১৬,৬৬,৯০৬ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট: ০২]।

**অনিয়মের কারণ:**

১। বাংলাদেশ ব্যাংক এর বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এফ.ই সার্কুলার নং-৩৬, তারিখ: ৩০/০৯/২০২০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন ও

২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-০৭.০১.০০০০.০৩.০৯৯.১০.১৯-২৯২, তারিখ: ১৫/০৯/২০২০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারি হিসাবে প্রণোদনা পরিশোধ করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা জবাবে জানায়, যাচাই-বাছাই করে পরবর্তীতে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ বাংলাদেশ ব্যাংক এর বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এফ.ই সার্কুলার নং-৩৬, তারিখঃ ৩০/০৯/২০২০ খ্রি. মোতাবেক অন্য কোনো ব্যক্তির নামে ক্রয়কৃত ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ডের পাশাপাশি নিজ নামে ক্রয়কৃত ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগের বিপরীতে নগদ প্রণোদনা/সহায়তা প্রযোজ্য নয় যা আলোচ্যক্ষেত্রে প্রতিপালন করা হয়নি।

উল্লিখিত গুরুত্বপূর্ণ অনিয়মের বিষয়ে ০৮/০৬/২০২২ খ্রি. তারিখে তিন সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য এআইআর, ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে প্রধান নির্বাহী বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

## অনুচ্ছেদ নম্বর ০৪

**শিরোনাম: বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এর এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/ ২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ট্রেড এবং ফ্রিল্যান্সিং/ আইটি এক্সপোর্ট এর মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের ২৫,২৬,২৩৯ (পঁচিশ লক্ষ ছাব্বিশ হাজার দুইশত উনচল্লিশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

সোনালী ব্যাংক লিমিটেড, ওয়েজ আর্নার্স ব্রাঞ্চ, দিলকুশা, ঢাকা ও এনসিসি ব্যাংক লিমিটেড, হেড অফিস, মতিঝিল, ঢাকা কর্তৃক ২০১৯-২০ হতে ২০২০-২১ অর্থবছরে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এর এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ট্রেড এবং ফ্রিল্যান্সিং/আইটি এক্সপোর্ট এর মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের ২৫,২৬,২৩৯ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় ২০১৯-২০ হতে ২০২০-২১ অর্থবছরের ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের উপর নগদ সহায়তা পরিশোধ সংক্রান্ত রেমিট্যান্স পেমেন্ট সিস্টেম (ই-রেমিট, ডিবিবিএল রেমিট্যান্স সিস্টেম, এম-রেমিট, আরপিএস, আরএমএস) হতে প্রাপ্ত তথ্যাদি, ব্যাংক স্টেটমেন্ট এবং ভাউচার যাচাই করে দেখা যায় যে, ট্রেড এবং ফ্রিল্যান্সিং/আইটি এক্সপোর্ট এর মাধ্যমে প্রাপ্ত সমুদয় রেমিট্যান্স এর বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা বাবদ ২৫,২৬,২৩৯ টাকা পরিশোধ করা হয়েছে।

বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদানের জন্য বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এর এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ অনুযায়ী ট্রেড এবং ফ্রিল্যান্সিং/আইটি এক্সপোর্ট হতে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তার জন্য বিবেচিত হবে না।

কিন্তু উপরিউক্ত ব্যাংকসমূহ কর্তৃক ট্রেড এবং ফ্রিল্যান্সিং/আইটি এক্সপোর্ট হতে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে ২৫,২৬,২৩৯ টাকা [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট: ০৩]।

**অনিয়মের কারণ:**

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এর এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি-(এলডিএ)/১৪৭(১)/ ২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ট্রেড এবং ফ্রিল্যান্সিং/ আইটি এক্সপোর্ট এর মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

১। সোনালী ব্যাংক লিমিটেড, ওয়েজ আর্নার্স ব্রাঞ্চ আপত্তির জবাবে জানায়, তথ্যাদি যাচাই-বাছাই সাপেক্ষে যদি কোনো অনিয়ম হয়েছে মর্মে পরিলক্ষিত হয় তবে তা সংশোধনের জন্য তাৎক্ষণিকভাবে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।

২। এনসিসি ব্যাংক লিমিটেড, হেড অফিস আপত্তির জবাবে জানায়, বিকাশের মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স শুধুমাত্র ব্যক্তিগত ওয়েজ আর্নার। গিফট, বৃত্তি, ওয়েজ/বন্ড বাবদ প্রাপ্ত রেমিট্যান্স বাংলাদেশ ব্যাংক সার্কুলারে বিরূপ নয় বিধায় প্রণোদনা প্রদান করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ বাংলাদেশ ব্যাংক এর সার্কুলার অনুযায়ী ট্রেড এবং ফ্রিল্যান্সিং/আইটি এক্সপোর্ট হতে প্রাপ্ত রেমিট্যান্স প্রণোদনা/নগদ সহায়তার জন্য বিবেচিত হবে না।

উল্লিখিত গুরুত্বপূর্ণ অনিয়মের বিষয়ে ০৮/০৬/২০২২ খ্রি. তারিখে তিন সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য এআইআর, ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে প্রধান নির্বাহী বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

### অনুচ্ছেদ নম্বর ০৫

**শিরোনাম: বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৯ এর নির্দেশনা লঙ্ঘন করে বিধিবহির্ভূতভাবে বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৮,২৬,৩২৫ (আট লক্ষ ছাব্বিশ হাজার তিনশত পঁচিশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

সাউথইস্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, এনসিসি ব্যাংক লি., হেড অফিস, ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. লাকসাম শাখা, কুমিল্লা, সোনালী ব্যাংক লি. এর দু'টি শাখা ও অগ্রণী ব্যাংক লি. জগতপুর শাখা, কুমিল্লা কার্যালয় কর্তৃক ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরের ওয়েজ আর্নার্স রেমিট্যান্স এর বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনার উপর নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৯ এর নির্দেশনা লঙ্ঘন করে বিধিবহির্ভূতভাবে বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৮,২৬,৩২৫ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় রেমিট্যান্স পেমেন্ট সিস্টেম (RPS, EIBS, RMS, INFINITY, REMIT BOOK) হতে প্রাপ্ত একাউন্ট পে ও স্পট ক্যাশ এর মাধ্যমে নগদ সহায়তা পরিশোধের অনলাইন কপি এবং ব্যাংক স্টেটমেন্ট যাচাই করে দেখা যায় যে, লিও ইয়াং, সুন চয়, লি ওয়েন, জিওবানা স্পানো, জেকসন সেল প্রভৃতি বিদেশি নাগরিক কর্তৃক বিভিন্ন দেশ হতে প্রেরিত রেমিট্যান্স এর বিপরীতে নগদ সহায়তা বাবদ ২% হারে ৮,২৬,৩২৫ টাকা প্রণোদনা প্রদান করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. ক্রমিক নং ৯ অনুযায়ী অনাবাসী কর্তৃক নগদে আনীত বৈদেশিক মুদ্রা প্রণোদনার জন্য বিবেচিত হবে না।

আলোচ্য ক্ষেত্রে উল্লিখিত ব্যাংকসমূহ কর্তৃক প্রণোদনা পরিশোধের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার এর নির্দেশনা পরিপালন না করে বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে প্রণোদনা/নগদ সহায়তা বাবদ ৮,২৬,৩২৫ টাকা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট: ০৪]।

**অনিয়মের কারণ:**

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. ক্রমিক নং ৯ এর নির্দেশনা লঙ্ঘন করে বিধিবহির্ভূতভাবে বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদান করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

সাউথইস্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস তাদের আপত্তির জবাবে জানায়, দাখিলকৃত অডিট মেমো গ্রহণপূর্বক তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট শাখাগুলিকে অবহিত করা হয়েছে এবং বিতরণকৃত নগদ সহায়তা আদায় করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এনসিসি ব্যাংক লি., হেড অফিস ও অগ্রণী ব্যাংক লি. জগতপুর শাখা, কুমিল্লা তাদের আপত্তির জবাবে জানায়, যাচাই বাছাইপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে আদায়পূর্বক অডিটকে অবহিত করা হবে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লাকসাম শাখা তাদের আপত্তির জবাবে জানায়, বাংলাদেশের প্রবাসীরা তাদের বেতন ভাতাদি বাবদ প্রাপ্ত টাকা তাদের কফিল/মালিকদের আইডি ব্যবহার করে তাদের হিসাবে উক্ত রেমিট্যান্সসমূহ প্রদান করেছেন। আমরা তার প্রামাণ্য কাগজপত্রাদি সংগ্রহপূর্বক অডিট টিমকে অবহিত করব।

সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা তাদের আপত্তির জবাবে জানায়, বাংলাদেশ ব্যাংকের সার্কুলার মোতাবেক এবং সোনালী ব্যাংকের নিজস্ব সার্কুলার হতে উক্ত প্রণোদনা প্রদান করা হয়েছে।

সোনালী ব্যাংক লি., কংশনগর শাখা, কুমিল্লা তাদের আপত্তির জবাবে জানায়, বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখঃ ০৭/১০/২০১৯ খ্রি. এর ৯ নং অনুযায়ী অনাবাসী বলতে বাংলাদেশে অবস্থানরত বিদেশী নাগরিকদেরকে বুঝায়, তাই আপনাদের মেমো-০১ এর সংযুক্ত পরিশিষ্টতে উল্লিখিত বেনিফিসিয়ারিগণ সকলেই বাংলাদেশের নাগরিক। অতএব মেমো-০১ এ উল্লিখিত ১,৩০,৪৯২ টাকার আর্থিক ক্ষতি বাংলাদেশ ব্যাংকের সার্কুলার মোতাবেক নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।

**নিরীক্ষা মন্তব্যঃ**

সাউথইস্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস ও এনসিসি ব্যাংক লি., হেড অফিসের জবাব স্বীকৃতিমূলক। কারণ উক্ত প্রতিষ্ঠান কর্তৃক টাকা আদায় প্রক্রিয়াধীন।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লাকসাম শাখা, কুমিল্লা, সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা, কুমিল্লা, অগ্রণী ব্যাংক লি., জগতপুর শাখা, কুমিল্লা ও সোনালী ব্যাংক লি., কংশনগর শাখা, কুমিল্লা এর জবাব গ্রহণযোগ্য নয়। কারণ বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদানের সুযোগ নেই।

উল্লিখিত গুরুত্বপূর্ণ অনিয়মের বিষয়ে ০৮/০৬/২০২২ খ্রি. তারিখে তিন সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য এআইআর, ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে প্রধান নির্বাহী বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ :**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা আবশ্যক।

**অনুচ্ছেদ নম্বর ০৬**

**শিরোনাম: বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগের সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ এর ক্রমিক নং ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ডোনেশন হিসেবে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৫৮,২০,১৩৭ (আটান্ন লক্ষ বিশ হাজার একশত সাইত্রিশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

সোনালী ব্যাংক লিমিটেড, ওয়েজ আর্নার্স শাখা, ঢাকা কর্তৃক ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরের ওয়েজ আর্নার্স রেমিট্যান্স এর বিপরীতে প্রদত্ত নগদ সহায়তা/প্রণোদনার উপর নিরীক্ষাকালে পরিলক্ষিত হয় যে, বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগের সার্কুলার নম্বর এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ এর ক্রমিক নং ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ডোনেশন হিসেবে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৫৮,২০,১৩৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় রেমিট্যান্স পেমেন্ট সিস্টেম (RPS) হতে প্রাপ্ত নথি, সুইফট বার্তা এবং সংশ্লিষ্ট ব্যাংক বিবরণী ও অন্যান্য ভাউচার যাচাই করা হয়। যাচাই এ পরিলক্ষিত হয় যে, বহির্দেশ হতে অফিস টাওয়ার, মসজিদ নির্মাণ ও হাউজিং এর উদ্দেশ্যে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে স্যার এনামুল ইসলাম হিসাবে ২% হারে ৫৮,২০,১৩৭ টাকা নগদ সহায়তা প্রদান করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগের সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ অনুযায়ী ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট, ডোনেশন, ট্রেড এবং ফ্রিল্যান্সিং/ আইটি এক্সপোর্ট ও অন্যান্য পণ্য ও সেবার বিপরীতে প্রাপ্ত রেমিট্যান্স প্রণোদনার জন্য বিবেচিত হবে না।

আলোচ্য ক্ষেত্রে যাচাই-বাছাই না করে মসজিদ ও অফিস টাওয়ার নির্মাণ এবং হাউজিং এর উদ্দেশ্যে প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের ৫৮,২০,১৩৭ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট: ০৫]।

**অনিয়মের কারণ:**

বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগের সার্কুলার নম্বর এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ডোনেশন হিসেবে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করা হয়েছে।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব:**

অদ্য ২২/০২/২০২২ খ্রি. তারিখে দাখিলকৃত মেমো নং-০৯ এর সাথে সংযুক্ত পরিশিষ্টে উল্লিখিত তথ্যাদি যাচাই-বাছাই সাপেক্ষে যদি কোনো অনিয়ম হয়েছে মর্মে পরিলক্ষিত হয় তবে তা সংশোধনের জন্য তাৎক্ষণিকভাবে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হবে।

**নিরীক্ষা মন্তব্য:**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ সার্কুলার অনুযায়ী বিধিবহির্ভূতভাবে ডোনেশন/ট্রেড এর বিপরীতে প্রাপ্ত রেমিট্যান্স এর উপর নগদ সহায়তা প্রাপ্য নয়।

উল্লিখিত গুরুত্বপূর্ণ অনিয়মের বিষয়ে ০৮/০৬/২০২২ খ্রি. তারিখে তিন সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য এআইআর, ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে প্রধান নির্বাহী বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ:**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাদান করা আবশ্যক।

## অনুচ্ছেদ নম্বর ০৭

**শিরোনাম: বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে ব্যাংক কর্তৃক নগদ সহায়তার অর্থ পরিশোধ না করেই পরিশোধের হিসাব দেখানোর ফলে সরকারের ৪৯,০৭,৬৬,০২২ (উনপঞ্চাশ কোটি সাত লক্ষ ছেষট্টি হাজার বাইশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ:**

অগ্রণী ব্যাংক লিমিটেড, হেড অফিস, দিলকুশা, মতিঝিল, ঢাকা; মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় ও এনসিসি ব্যাংক লিমিটেড, চৌহাট্টা শাখা, সিলেট কর্তৃক ২০১৯-২০২০ হতে ২০২০-২০২১ অর্থবছরে প্রাপ্ত ওয়েজ আর্নার্স রেমিট্যান্স এর উপর নগদ সহায়তার অর্থ পরিশোধ না করেই পরিশোধের হিসাব দেখানোর ফলে সরকারের ৪৯,০৭,৬৬,০২২ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

বিস্তারিত নিরীক্ষায় নগদ সহায়তা পরিশোধের e-Remit, Infinity, MTB Inhouse Software and RMS সফটওয়্যার হতে প্রাপ্ত ইনফিনিটি, বিকাশ, এসিসি পেই, বিইএফটিএন, স্পট ক্যাশ, SWIFT সংক্রান্ত ব্যাংক বিবরণী ও ভাউচার যাচাই করে দেখা যায় যে, প্রাপ্ত ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের উপর ২% নগদ সহায়তা বাবদ পরিশোধ দেখানো হয়েছে ৯২৮,৫৮,৩৯,০৪১ টাকা। কিন্তু ব্যাংকের অ্যাকাউন্ট স্টেটমেন্ট যাচাই করে প্রকৃত খরচ পাওয়া গেছে ৮৭৯,৫০,৭৩,০১৯ টাকা। আলোচ্য ক্ষেত্রে নগদ সহায়তা পরিশোধ বিবরণী ও ব্যাংকের অ্যাকাউন্ট স্টেটমেন্ট অনুযায়ী (৯২৮,৫৮,৩৯,০৪১ – ৮৭৯,৫০,৭৩,০১৯) = ৪৯,০৭,৬৬,০২২ টাকা প্রকৃত খরচের চেয়ে বেশি খরচ দেখানো হয়েছে।

বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণের বিপরীতে নগদ সহায়তা প্রদান সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা মোতাবেক বাংলাদেশ ব্যাংক হতে নগদ সহায়তা বাবদ প্রাপ্ত সমুদয় প্রণোদনার অর্থ পরিশোধের সঠিক হিসাব ফরম ক ও ফরম-খ মোতাবেক সংরক্ষণ করতে হবে।

এক্ষেত্রে প্রণোদনার অর্থ ব্যাংকের নিজস্ব তহবিলে স্থানান্তর করা হয়েছে। ফলে গৃহীত নগদ সহায়তার অর্থ পরিশোধ না করেও পরিশোধের হিসাব দেখিয়ে সরকারের ৪৯,০৭,৬৬,০২২ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [বিস্তারিত বিবরণ পরিশিষ্ট: ০৬]।

**অনিয়মের কারণ:**

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং- ৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে প্রাপ্ত ওয়েজ আর্নার্স রেমিট্যান্স এর উপর নগদ সহায়তার অর্থ পরিশোধ না করেই পরিশোধের হিসাব দেখানো হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব:**

অগ্রণী ব্যাংক লিমিটেড, হেড অফিস আপত্তির প্রেক্ষিতে জানায়, বিগত ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে সর্বমোট ৭৭৮ কোটি ৩৬ লাখ টাকা নগদ সহায়তা বিতরণযোগ্য যা বাংলাদেশ ব্যাংকের ইমপ্রেস্ট তহবিলের চাহিদার বিবরণীতে উল্লেখ করা হয়। কিন্তু পরবর্তীতে দেখা যায় প্রকৃত নগদ সহায়তা বিতরণের পরিমাণ ৭৪৫ কোটি ০৯ লাখ টাকা।

মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় আপত্তির জবাবে জানায়, প্রণোদনার বকেয়া অর্থ বাংলাদেশ ব্যাংক এর রির্পোটে ভুলবশত যোগ করে ২,০১,২৬,৭১০ টাকা বেশি দেখানো হয়। যার ফলে প্রকৃত খরচের চেয়ে ২,০১,২৬,৭১০ টাকা বেশি পরিলক্ষিত হয়। প্রকৃত ২,০১,২৬,৭১০ টাকা বেশি খরচ হয়নি বিধায় আপত্তিটি নিষ্পত্তির সুপারিশ করা হলো।

এনসিসি ব্যাংক লিমিটেড, চৌহাট্টা শাখা, সিলেট আপত্তির বিষয়ে জবাব প্রদানে অদ্যাবধি বিরত রয়েছেন।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। কারণ আপত্তিতে উল্লিখিত ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত প্রণোদনার পরিমাণ এবং বিতরণকৃত টাকার হিসাব না দিয়ে সম্ভাব্য প্রাপ্য এবং পরিশোধযোগ্য টাকার হিসাব দেওয়া হয়েছে।

উল্লিখিত গুরুত্বপূর্ণ অনিয়মের বিষয়ে ০৮/০৬/২০২২ খ্রি. তারিখে তিন সপ্তাহের মধ্যে জবাব প্রেরণের জন্য এআইআর, ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে তাগিদপত্র এবং ১৯/০৭/২০২২ খ্রি. তারিখে প্রধান নির্বাহী বরাবর আধাসরকারি পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষা সুপারিশঃ**

আপত্তিকৃত অর্থ আদায়পূর্বক সরকারি কোষাগারে জমাদান করা আবশ্যক।

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

(মহাপরিচালক)
সিভিল অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন: ০২২২২৬৬৬৩০৯০

# দ্বিতীয় অংশ

# পরিশিষ্টসমূহ

# অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ

| অনুচ্ছেদ নম্বর | শিরোনাম | জড়িত (টাকা) | পরিশিষ্ট নম্বর |
|---|---|---|---|
| ০১ | বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারিদেরকে প্রণোদনার অর্থ পরিশোধ না করা সত্ত্বেও পরিশোধ দেখিয়ে ইমপ্রেস্ট তহবিল হতে টাকা উত্তোলন করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১০,৯৪,৮৫,৪৬৯ | -- |
| ০২ | বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের সার্কুলারে ক্রমিক ৮ এর নির্দেশনা লঙ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারি ব্যক্তি না হয়ে প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৩,৩২,৩০,৭৬০ | পরিশিষ্ট নং- ০১ (ক-খ) |
| ০৩ | ওয়েজ আর্নার্স বন্ডে বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-৩৬, তারিখ: ৩০/০৯/২০২০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারি হিসাবে প্রণোদনা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি। | ১৬,৬৬,৯০৬ | পরিশিষ্ট নং- ০২ |
| ০৪ | বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এর এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ট্রেড এবং ফ্রিল্যান্সিং, আইটি এক্সপোর্ট এর মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ২৫,২৬,২৩৯ | পরিশিষ্ট নং-০৩ |
| ০৫ | বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং-এফ.ইপিডি (এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. ক্রমিক নং ৯ এর নির্দেশনা লঙ্ঘন করে বিধিবহির্ভূতভাবে বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৮,২৬,৩২৫ | পরিশিষ্ট নং- ০৪ |
| ০৬ | বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগের সার্কুলার নম্বর এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ডোনেশন হিসেবে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি। | ৫৮,২০,১৩৭ | পরিশিষ্ট নং- ০৫ |
| ০৭ | বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. লঙ্ঘন করে ব্যাংক কর্তৃক নগদ সহায়তার অর্থ পরিশোধ না করেই পরিশোধের হিসাব দেখানোর ফলে সরকারের আর্থিক ক্ষতি। | ৪৯,০৭,৬৬,০২২ | পরিশিষ্ট নং- ০৬ |
| | **সর্বমোট=** | **৬৪,৪৩,২১,৮৫৮** | |
| | **কথায়: চৌষট্টি কোটি তেতাল্লিশ লক্ষ একুশ হাজার আটশত আটান্ন টাকা** | | |

পরিশিষ্ট নম্বরঃ ০১ (ক)

**অনুচ্ছেদ নম্বর ০২**

**ইউনিটের নামঃ ১৮টি ব্যাংক**
**অর্থবছরঃ ২০১৯-২০২০ ও ২০২০-২০২১**

বাংলাদেশ ব্যাংকের এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখঃ ০৭/১০/২০১৯ খ্রি. তারিখের সার্কুলারে ক্রমিক ৮ এর নির্দেশনা লঙ্ঘন করে ওয়েজ আর্নার্স রেমিট্যান্সের বেনিফিসিয়ারি ব্যক্তি না হয়ে প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণীঃ

| ক্র. নং | নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম | লেনদেনের সংখ্যা | নগদ সহায়তার পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ডাচ্-বাংলা ব্যাংক লি., হেড অফিস, মতিঝিল, ঢাকা | ৪২ | ১,৫৬,৯৭৪ | |
| ০২ | জনতা ব্যাংক লি., লোকাল অফিস, দিলকুশা, ঢাকা | ৩৬৮ | ৪০,১২,৮৮৫ | |
| ০৩ | ব্যাংক এশিয়া লি., হেড অফিস, কাওরান বাজার, ঢাকা | ২৮২ | ৯,৮৮,৫৯৪ | |
| ০৪ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., কাঁচপুর শাখা, নারায়ণগঞ্জ | ৪৭ | ১,০৭,৬৩৬ | |
| ০৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., নারায়ণগঞ্জ শাখা, নারায়ণগঞ্জ | ২৭ | ৩৩,৬৯১ | |
| ০৬ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হেড অফিস, দিলকুশা, ঢাকা | ১২৪৩ | ৩৯,৮৬,৪৫৪ | |
| ০৭ | অগ্রণী ব্যাংক লি., হেড অফিস, দিলকুশা, ঢাকা | ৮৮৯ | ১,৯১,৪০,৯৭৬ | |
| ০৮ | রূপালী ব্যাংক লি., হেড অফিস, মতিঝিল, ঢাকা | ৪৩৭ | ৬,১৬,১২৮ | |
| ০৯ | সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা, দিলকুশা, ঢাকা | ১৬৯৮ | ২৬,৭৯,৮৬৫ | |
| ১০ | ব্র্যাক ব্যাংক লি., হেড অফিস, গুলশান, ঢাকা | ২৯৯ | ১,৯৬,৭৮৩ | |
| ১১ | পূবালী ব্যাংক লি., শিবেরহাট শাখা, সন্দ্বীপ, চট্টগ্রাম | ০৫ | ৫,৮২৮ | |
| ১২ | এনসিসি ব্যাংক লি., হেড অফিস, মতিঝিল, ঢাকা | ১১৯ | ২,৯৯,৭০৪ | |
| ১৩ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লাকসাম, কুমিল্লা | ৫৯ | ১,০৩,৩২০ | |
| ১৪ | অগ্রণী ব্যাংক লি., বাতাকান্দি বাজার, কুমিল্লা | ৭৬ | ১,৫১,৩৬৬ | |
| ১৫ | সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা, কুমিল্লা | ৩৬ | ৪৫,০৪৩ | |
| ১৬ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ফেনী শাখা, ফেনী | ১০২ | ২,৬১,৬৯১ | |
| ১৭ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হাজীগঞ্জ শাখা, চাঁদপুর | ১২৭ | ১,৫১,৩৭৯ | |
| ১৮ | সাউথইস্ট ব্যাংক লি., হেড অফিস, দিলকুশা, ঢাকা | ২৬৩ | ২,৯২,৪৪৩ | |
| | **মোট=** | **৬১১৯** | **৩,৩২,৩০,৭৬০** | |
| **কথায়ঃ তিন কোটি বত্রিশ লক্ষ ত্রিশ হাজার সাতশত ষাট টাকা।** | | | | |

**পরিশিষ্ট নম্বরঃ ০১ (খ)**

**অনুচ্ছেদ নম্বর ০২**

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

ব্যাংক এশিয়া লি., হেড অফিস ও ডাচ্-বাংলা ব্যাংক লি., হেড অফিস এর জবাবে জানায়, ভুলবশত বিভিন্ন প্রতিষ্ঠানকে প্রণোদনা প্রদান করা হয়। যার মধ্যে কিছু টাকা আদায় করা হয়েছে অবশিষ্ট টাকা আদায়ের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., হেড অফিস, নারায়ণগঞ্জ শাখা; সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা এবং এনসিসি ব্যাংক লি., হেড অফিস এর জবাবে জানায়, ডকুমেন্ট যাচাই সাপেক্ষে প্রমাণকসহ পরবর্তীতে অডিট অফিসকে অবহিত করা হবে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., কাঁচপুর শাখা এর জবাবে জানায়, নগদ ক্যাশ ব্যবস্থাপনার ঝুঁকি এড়ানোর জন্য ব্যক্তির নামে ক্যাশ হিসেবে প্রদান না করে তার একাউন্টে প্রদান করা হয়েছে। মূলত এগুলো কোনো প্রাতিষ্ঠানিক রেমিট্যান্স নয়। যেখানে পুল আউটকৃত ভাউচারে সুবিধাভোগীর নাম হিসেবে ব্যক্তির নাম রয়েছে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., লাকসাম শাখা এর জবাবে জানায়, আপনাদের সংযুক্ত বিবরণীতে উল্লিখিত ৫৯টি হিসাবের মধ্যে ৯টি ব্যক্তিগত হিসাব আছে যা সরকারি প্রণোদনা পাওয়ার যোগ্য। অবশিষ্ট ৫০টি চলতি হিসাবের মধ্যে ৪টি হিসাব সিরিয়াল নং (১৭, ১৮, ৩১ ও ৫১) ব্যতীত বাকি সকল চলতি হিসাবের প্রদত্ত প্রণোদনা হিসাব থেকে বিকলন করা হয়েছে। উক্ত ৪টি হিসাবে প্রদত্ত মোট ৮৮৪০ টাকা আদায়পূর্বক যথাযথ কর্তৃপক্ষকে অবহিত করা হবে।

ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ফেনী শাখা, হাজীগঞ্জ শাখা; অগ্রণী ব্যাংক লি., হেড অফিস, সাউথইস্ট ব্যাংক লি., হেড অফিস এবং রূপালী ব্যাংক লি., হেড অফিস এর জবাবে জানায়, অধিকাংশ ইতিমধ্যে আদায়পূর্বক ফেরত পাঠানো হয়েছে। অবশিষ্ট অতি দ্রুত আদায়পূর্বক প্রমাণকসহ পরবর্তীতে অডিট অধিদপ্তরকে অবহিত করা হবে।

সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা এর জবাবে জানায়, বাংলাদেশ ব্যাংকের সার্কুলার মোতাবেক এবং সোনালী ব্যাংকের নিজস্ব সার্কুলার হতে উক্ত প্রণোদনা প্রদান করা হয়েছে।

ব্র্যাক ব্যাংক লি., হেড অফিস এর জবাবে জানায়, যে সকল রেমিট্যান্স উল্লেখ করা হয়েছে তার মধ্যেঃ বিকাশ, BEFTN এবং ক্যাশ রেমিট্যান্স রয়েছে। মাধ্যমগুলোর মধ্যে বিকাশ রেমিট্যান্স যথাযথভাবে একজন ব্যক্তি গ্রহণ করেছে। কিন্তু এ সকল রেমিট্যান্স এর অর্থ প্রদানের সময় সিস্টেমে প্রবাসীরা ভুলক্রমে ট্রেডার্স, মেসার্স ডট কম লিখে থাকে। সুতরাং ব্র্যাক ব্যাংক প্রাপ্য বেনিফিসিয়ারি ব্যক্তি/একক মালিক দ্বারা পরিচালিত ব্যবসায়িক হিসাব ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠান বা সংস্থাকে প্রণোদনা প্রদান করেনি।

জনতা ব্যাংক লি., লোকাল অফিস শাখা এর জবাবে জানায়, Electronic Fund Transfer Software হতে রেমিট্যান্স প্রসেস করার সময় ব্যক্তি হিসাব অথবা প্রাতিষ্ঠানিক হিসাব আলাদা করার সুযোগ না থাকায় ভুলবশত প্রণোদনা প্রদান করা হলেও শাখা পর্যায়ে প্রাতিষ্ঠানিক হিসাব চিহ্নিত করার সুযোগ থাকায় শাখা কর্তৃক প্রাতিষ্ঠানিক পর্যায়ে পরিশোধকৃত প্রণোদনার অর্থ প্রদান না করে সান্ড্রি হিসাবে জমা রাখা হয়। পরবর্তীতে উক্ত অর্থ ইমপ্রেস্ট হিসাবে ফেরত প্রদান করা হয়েছে।

**পরিশিষ্ট নম্বরঃ ০২**
**অনুচ্ছেদ নম্বর ০৩**

**ইউনিটের নামঃ সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা, দিলকুশা, ঢাকা**
**অর্থবছরঃ ২০১৯-২০২০ ও ২০২০-২০২১**

ওয়েজ আর্নার্স বন্ডে বিনিয়োগের বিপরীতে বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নং-৩৬, তারিখঃ ৩০/০৯/২০২০ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে বেনিফিসিয়ারি হিসাবে প্রণোদনা পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণীঃ

| ক্র. নং | নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম | হিসাব নম্বর | ইনসেনটিভ এর পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা, দিলকুশা, ঢাকা। | ০০০৩৪৩৩০০৩২৭৭৬ | ১৩,৮২,২০৩ | |
| ০২ | | ০১১১৫৩৩০৯২৮৩৬ | ১,৪১,০০০ | |
| ০৩ | | ০৮২৮২০০০০০২১৪ | ১,৩১,৭০৩ | |
| ০৪ | | ২৭১৫১৩৩০১৬৫৪২ | ১০,০০০ | |
| ০৫ | | ৫৬১০১৩৩০১২৬২৪ | ২,০০০ | |
| | | **মোট=** | **১৬,৬৬,৯০৬** | |
| **কথায়ঃ ষোল লক্ষ ছেষট্টি হাজার নয়শত ছয় টাকা।** | | | | |

**পরিশিষ্ট নম্বরঃ ০৩**

**অনুচ্ছেদ নম্বর ০৪**

**ইউনিটের নামঃ সোনালী ব্যাংক লি., ওয়েজ আর্নার্স শাখা, দিলকুশা, ঢাকা এবং এনসিসি ব্যাংক লিমিটেড, হেড অফিস, মতিঝিল, ঢাকা।**
**অর্থবছরঃ ২০১৯-২০২০ ও ২০২০-২০২১**

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগ এর এফ.ই সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখঃ ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ট্রেড এবং ফ্রিল্যান্সিং, আইটি এক্সপোর্ট এর মাধ্যমে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণীঃ

| ক্র. নং | নিরীক্ষিত প্রতিষ্ঠানের নাম | লেনদেনের সংখ্যা | প্রণোদনার পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সোনালী ব্যাংক লিমিটেড, ওয়েজ আর্নার্স ব্রাঞ্চ, দিলকুশা, ঢাকা। | ৫১৪৫ | ২৪,৩৭,৫২৩ | |
| ০২ | এনসিসি ব্যাংক লিমিটেড, হেড অফিস, মতিঝিল, ঢাকা। | ৬৯৮ | ৮৮,৭১৬ | |
| | | **মোট=** | **২৫,২৬,২৩৯** | |
| **কথায়ঃ পঁচিশ লক্ষ ছাব্বিশ হাজার দুইশত উনচল্লিশ টাকা।** | | | | |

**পরিশিষ্ট নম্বর: ০৪**

**অনুচ্ছেদ নম্বর ০৫**

**ইউনিটের নাম: ০৬টি ব্যাংক**
**অর্থবছর: ২০১৯-২০২০ ও ২০২০-২০২১**

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের পত্র নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৯ এর নির্দেশনা লঙ্ঘন করে বিধিবহির্ভূতভাবে বিদেশি নাগরিক কর্তৃক প্রেরিত রেমিট্যান্সের বিপরীতে নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্র. নং | অডিটি প্রতিষ্ঠানের নাম | সম্পাদিত লেনদেনের সংখ্যা | নগদ সহায়তার পরিমাণ (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | সাউথইস্ট ব্যাংক লিমিটেড, হেড অফিস, ঢাকা | ১৩৭ | ১,২৯,৮৯২ | |
| ০২ | এনসিসি ব্যাংক লিমিটেড, হেড অফিস, এনসিসি ভবন, মতিঝিল, ঢাকা। | ১৪৪ | ১,১২,০৩৩ | |
| ০৩ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, লাকসাম শাখা, কুমিল্লা। | ৮০ | ৭১,০৪৭ | |
| ০৪ | অগ্রণী ব্যাংক লি., বাতাকান্দি বাজার শাখা, কুমিল্লা | ৩৫৯ | ২,৯৭,২৪০ | |
| ০৫ | সোনালী ব্যাংক লি., মেঘনা শাখা, কুমিল্লা | ৯৫ | ৮৫,৬২১ | |
| ০৬ | সোনালী ব্যাংক লিমিটেড, কংশনগর শাখা, বুড়িচং, কুমিল্লা। | ১২৭ | ১,৩০,৪৯২ | |
| | **মোট=** | **৯৪২** | **৮,২৬,৩২৫** | |
| | **কথায়: আট লক্ষ ছাব্বিশ হাজার তিনশত পঁচিশ টাকা।** | | | |

**পরিশিষ্ট নম্বর: ০৫**

**অনুচ্ছেদ নম্বর: ০৬**

## ইউনিটের নাম: সোনালী ব্যাংক লিমিটেড, ওয়েজ আর্নার্স শাখা, ঢাকা
## অর্থবছর: ২০১৯-২০২০ ও ২০২০-২০২১

বাংলাদেশ ব্যাংক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগের সার্কুলার নং-এফ.ইপিডি(এলডিএ)/১৪৭(১)/২০১৯-৭৬০০, তারিখ: ০৭/১০/২০১৯ খ্রি. এর ক্রমিক নং ৪ এর নির্দেশনা লঙ্ঘন করে ডোনেশন হিসেবে প্রাপ্ত রেমিট্যান্স এর বিপরীতে অনিয়মিতভাবে প্রণোদনা/নগদ সহায়তা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্র. নং | ব্রাঞ্চের নাম | ব্রাঞ্চ কোড | এক্সচেঞ্জের নাম | চ্যানেলের নাম | রেমিট্যান্স গ্রহণকারীর একাউন্ট নম্বর | লেনদেনের তারিখ | রেমিট্যান্সের পরিমাণ | নগদ সহায়তার পরিমাণ (টাকা) | রেমিট্যান্স প্রেরণকারীর নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৯/২০২০ | ৮৩৭৫০০ | ১৬৭৫০ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ২ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৯/২০২০ | ১০০৫০০০০ | ২০১০০০ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ৩ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৯/২০২০ | ৭৫১৮১৪০ | ১৫০৩৬২.৮ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ৪ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৯/২০২০ | ৫৮৮৪৫৬১ | ১১৭৬৯১.২২ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ৫ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৯/২০২০ | ৫৮৮৪৫৬১ | ১১৭৬৯১.২২ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ৬ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/২৮/২০২০ | ১০৮০২০১২ | ২১৬০৪০.২৫ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ৭ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০২/২৫/২০২০ | ৫৩০৪৬০০ | ১০৬০৯২ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ৮ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৭/১৬/২০২০ | ১৭৮৮২৬৫৮ | ৩৫৬৪৫৩.১৭ | স্যার আনাম ইসলাম |
| ৯ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৭/১৬/২০২০ | ১০৪২৩৯৪৬ | ২০৮৪৭৮.৯২ | স্যার আনাম ইসলাম |
| ১০ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৭/১৬/২০২০ | ৮৪২০০০০ | ১৬৮৪০০ | স্যার আনাম ইসলাম |
| ১১ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৭/১৬/২০২০ | ১৮৮৩৫৬৫ | ৩৭৬৭১.৩ | স্যার আনাম ইসলাম |
| ১২ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৭/২৮/২০২০ | ১৬০৩১৪৬৭ | ৩২০৬২৯.৩৫ | স্যার আনাম ইসলাম |

| ক্র. নং | ব্রাঞ্চের নাম | ব্রাঞ্চ কোড | এক্সচেঞ্জের নাম | চ্যানেলের নাম | রেমিট্যান্স গ্রহণকারীর একাউন্ট নম্বর | লেনদেনের তারিখ | রেমিট্যান্সের পরিমাণ | নগদ সহায়তার পরিমাণ (টাকা) | রেমিট্যান্স প্রেরণকারীর নাম |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৮/২০/২০২০ | ১০৯৬৮১৫২ | ২১৯৩৬৩.০৫ | স্যার আনাম ইসলাম |
| ১৪ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৯/২২/২০২০ | ২৪০১৪৫৯১ | ৪৮০২৯১.৮১ | স্যার আনাম ইসলাম |
| ১৫ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ১০/০৮/২০২০ | ১০৮৭২৪১০ | ২১৭৪৪৮.২ | স্যার আনাম ইসলাম |
| ১৬ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ১০/২৯/২০২০ | ১৮৭১৭৩৮৩ | ৩৭৪৩৪৭.৬৬ | স্যার আনাম ইসলাম |
| ১৭ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ১১/১৯/২০২০ | ১৮৩০৮১৫৩ | ৩৬৬১৬৩.০৫ | স্যার আনাম ইসলাম |
| ১৮ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/২৪/২০২১ | ২১৭৭৫৩৯৪ | ৪৩৫৫০৭.৮৯ | স্যার আনাম ইসলাম |
| ১৯ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/২৮/২০২১ | ৮৬৮৮০৮৭ | ১৭৩৭৬১.৭৪ | স্যার আনাম ইসলাম |
| ২০ | ওয়েজ আর্নার্স কর্পোরেট, ঢাকা। | ৩৪ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, নিউইয়র্ক (ইউএসডি)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০৩/২৮/২০২১ | ১৮৯৮৩০৫২ | ৩৭৯৬৬১.০৪ | স্যার আনাম ইসলাম |
| ২১ | ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট। | ৫৬১০১ | বি এইচ ডব্লিউ সোনালী ব্যাংক, ইউ কে (ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৬/২০২০ | ৬১৪৭০০০ | ১২২৯৪০ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ২২ | ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট। | ৫৬১০১ | বি এইচ ডব্লিউ সোনালী ব্যাংক, ইউ কে (ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৬/২০২০ | ৭১৭১৫০০ | ১৪৩৪৩০ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ২৩ | ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট। | ৫৬১০১ | বি এইচ ডব্লিউ সোনালী ব্যাংক, ইউ কে (ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০১/১৯/২০২০ | ৭২০৭৪৮৭ | ১৪৪১৪৯.৭৪ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ২৪ | ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট। | ৫৬১০১ | বি এইচ ডব্লিউ সোনালী ব্যাংক, ইউ কে (ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০২/১২/২০২০ | ১৬২৪০৬৩৫ | ৩২৪৮১২.৭ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| ২৫ | ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট। | ৫৬১০১ | বি এইচ ডব্লিউ সোনালী ব্যাংক, ইউ কে (ড্রাগন এ টি ই কর্পোরেট, সিলেট)। | সুইফট | ৫৬০৯৩০১০০৬৫৪৯ | ০২/২৭/২০২০ | ২১০৫০০০০ | ৪২১০০০ | সিটি ইন্টাঃ ট্রেড ফাইন্যান্স ইউ কে লি.। |
| | | | | | | | **মোট =** | **৫৮,২০,১৩৭** | |
| | **কথায়: আটান্ন লক্ষ বিশ হাজার একশত সাইত্রিশ** | | | | | | | | |

**পরিশিষ্ট নম্বর: ০৬**

**অনুচ্ছেদ নম্বর: ০৭**

**ইউনিটের নাম: অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, ঢাকা, মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা এবং এনসিসি ব্যাংক লিমিটেড, চৌহাট্টা শাখা, সিলেট।**

**অর্থবছর: ২০১৯-২০২০ ও ২০২০-২০২১**

বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রানীতি বিভাগের এফ.ই সার্কুলার নং-৩১, তারিখ: ০৬/০৮/২০১৯ খ্রি. এর নির্দেশনা লঙ্ঘন করে ব্যাংক কর্তৃক নগদ সহায়তার অর্থ পরিশোধ না করেই পরিশোধের হিসাব দেখানোর ফলে সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:

| ক্র. নং | অডিটি প্রতিষ্ঠানের নাম | ব্যাংক হিসাব বিবরণী (পরিশোধ লেজার অনুযায়ী) (টাকা) | প্রকৃত পরিশোধ/খরচ (টাকা) | অতিরিক্ত পরিশোধ দেখানো হয়েছে (টাকা) |
|---|---|---|---|---|
| ০১ | অগ্রণী ব্যাংক লিমিটেড, প্রধান শাখা, দিলকুশা, মতিঝিল, ঢাকা। | ৭৭৮,৩৫,৮২,৭৭৭ | ৭৩১,৩০,৪০,১৪৬ | ৪৭,০৫,৪২,৬৩১ |
| ০২ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, এনআরবি ডিভিশন, এমটিবি টাওয়ার, ১১১, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা। | ১৪৯,৭৩,২৫,৫৪৮ | ১৪৭,৭১,৯৮,৮৩৮ | ২,০১,২৬,৭১০ |
| ০৩ | এনসিসি ব্যাংক লিমিটেড, চৌহাট্টা শাখা, সিলেট। | ৪৯,৩০,৭১৬ | ৪৮,৩৪,০৩৫ | ৯৬,৬৮১ |
| | **মোট=** | **৯২৮,৫৮,৩৯,০৪১** | **৮৭৯,৫০,৭৩,০১৯** | **৪৯,০৭,৬৬,০২২** |
| | | | | **কথায়: উনপঞ্চাশ কোটি সাত লক্ষ ছেষট্টি হাজার বাইশ** |

তারিখ: ৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
২৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

(মহাপরিচালক)
সিভিল অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
ফোন: ০২২২২৬৬৬৩০৯০
মোঃ কামরুল আলম
মহাপরিচালক
সিভিল অডিট অধিদপ্তর
অডিট কমপ্লেক্স (২য় তলা), সেগুনবাগিচা, ঢাকা।



বিজি প্রেস:-২০২২-২৩/৫৬৬৮ কম-এ(২)—৬৬৫ বই।